যুগান্তর
পৃষ্ঠা ... কলাম ...
তারিখ 5 DEC 2012
পৃষ্ঠা ... কলাম ...

জানুয়ারিতে শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট ডেকেছে ৪ সংগঠন

যুগান্তর রিপোর্ট

জানুয়ারিতে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে লাগাতার ধর্মঘট কর্মসূচি আসছে। শিক্ষা ব্যবস্থা ও চাকরি জাতীয়করণসহ বিভিন্ন দাবিতে সরকারপন্থী ও সরকারবিরোধী সংগঠনগুলো এ কর্মসূচি নিয়ে মাঠে নেমেছে। এর মধ্যে সরকারপন্থী দুটি অংশের একটি ৯ জানুয়ারি আরেকটি ১২ জানুয়ারি থেকে ধর্মঘট পালন করবে। উভয় অংশই বাংলাদেশ শিক্ষক সমিতি নামে পরিচিত। আর সরকারবিরোধী হিসেবে পরিচিত শিক্ষক-কর্মচারী ঐক্যজোট ১০ জানুয়ারি থেকে একই ধরনের কর্মসূচি পালন করবে। এর বাইরে একইদিন থেকে বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল গ্রুপ) নামে আরও একটি সংগঠন ধর্মঘটের হুমকি দিয়েছে।

সরকারপন্থী বাংলাদেশ শিক্ষক সমিতি (আতিয়ার সিদ্দিকী-বিলকিস জামান গ্রুপ) মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। ৩১ ডিসেম্বরের মধ্যে তাদের ঘোষিত শিক্ষা ব্যবস্থার জাতীয়করণসহ ২১ দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানানো হয়। অন্যথায় ৯ জানুয়ারি থেকে অবিরাম ধর্মঘটের হুমকি দেন তারা। আর এর আগে শিক্ষক সমিতির (আতিয়ার-রঞ্জিত) আরেক পক্ষ তাদের কর্মসূচি ঘোষণা করে। শিক্ষক কর্মচারী ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূঁইয়া জানান, চাকরি জাতীয়করণের এক দফা দাবিতে তারা ১০ জানুয়ারি থেকে লাগাতার কর্মসূচি পালন করবেন। বিগত ৬ মাস আগে এ কর্মসূচি ঘোষণা করা হয়েছে এ কারণে যে, যাতে সরকার সিদ্ধান্ত নেয়ার সুযোগ পায়।

ওদিকে শিক্ষক সমিতির (নজরুল) নামে আরেক অংশ বলেছে, মঙ্গলবার ঢাকায় আয়োজিত একাডেমী হাইস্কুল সমিতি ও শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্য পরিষদের কার্যনির্বাহী কমিটির জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক নেতারা বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীরা আজ চরমভাবে অবহেলিত। শতবার দাবি ও আন্দোলনের পরও বর্তমান সরকার তাদের কোন দাবি পূরণ করেনি। শিক্ষক-কর্মচারীদের পিঠ আজ দেয়ালে ঠেকে গেছে। কঠোর আন্দোলনের কোন বিকল্প নেই। ৩১ ডিসেম্বরের মধ্যে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণের ঘোষণা না দিলে আগামী ১০ জানুয়ারি থেকে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে তালা ঝুলবে।